১৪২=

মিরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় স্থাপিত-২০০২ কুষ্টিয়া

মিরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়

মোছাঃ মাইশা খাতুন শ্রেণিঃ দশম

রোল নংঃ ১৯

রচনাঃ ক্যারিয়ারে সফল হতে সংস্কৃতির গুরুত্ব

মোবাইল নংঃ 01586028352

১৪

ক্যারিয়ারে সফল হতে সংস্কৃতি চর্চার গুরুত্ব

ভূমিকা: মানুষ জীবিকা অর্জনের উপায় হিসেবে যে কাজ গ্রহণ করে তাকে জীবনোপায় বা ক্যারিয়ার বলে। এবং সংস্কৃতি হলো সমাজবদ্ধ মানুষের বৈশিষ্ট্যপূর্ণ পরিচয়ের সুস্পষ্ট একটি উপায়। আদিম সমাজ থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত সভ্যতার বিকাশ সাধনে সংস্কৃতির রয়েছে গুরুত্বপূর্ণ ভূমিকা। প্রকৃত পক্ষে ব্যক্তিকে সমাজে সুন্দরভাবে বসবাস করার জন্য সংস্কৃতির প্রয়োজনীয়তা অপরিসীম।

ক্যারিয়ারের বৈশিষ্ট্য: ক্যারিয়ার বা জীবনোপায় হলো কোনো ব্যক্তির অগ্রগতি, পেশা কিংবা কর্মজীবনে তার উন্নতির সোপান বা চাবিকাঠি-স্বরূপ। যেমন – ব্যবসা, চাকরি, চিকিৎসাবিদ্যা, কমপিউটার বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং, হিসাববিদ্যা, ব্যবস্থাপনা এগুলোর মধ্য থেকে কোন ব্যক্তি যেটিকে তার জীবনে অগ্রগতির সোপান হিসেবে গ্রহণ করবে, সেটিই তার জীবনোপায় বা ক্যারিয়ার বিবেচিত হবে।

* ই.বি. ফিলিপপো (E.B. Flippo) এর মতে, "ক্যারিয়ারকে একটি পৃথক অথচ সম্পর্কযুক্ত কাজের অনুক্রম হিসেবে সংজ্ঞায়িত করা যায়, যা একজনের জীবনকে ধারাবাহিকতা, শৃঙ্খলার পাশাপাশি গুরুত্ববহ করে তোলে।"

(A career can be defined as a sequence of separate but related work activities that provides continuity, order and meaning in a person's life)

<u>ক্যারিয়ারের গুণাগুণ</u> : ক্যারিয়ার শুধু চাকরি বা ব্যবসা করা মধ্যেই সীমাবদ্ধ নয়। চাকরি বা ব্যবসা শুরুর আগে ভলান্টিয়ারিং, নেটওয়ারিং পার্ট-টাইম জব, ইন্টার্নশীপ, প্রজেক্ট, ফ্রী কাস্টমার সার্ভিস, কনটেন্ট ক্রিয়েশন বা সোশ্যাল মিডিয়া ইজেশন সবই ক্যারিয়ারের অংশ হতে পারে।

"অর্জন এবং সাফল্য এর মধ্যে বিশাল একটি পার্থক্য রয়েছে। অনেকে সবকিছু অর্জন করেছে। তারা ভালো সামাজিক পরিচিতি পেয়েছে, উচ্চ-পদমর্যাদার চাকরি নিশ্চিত করেছে, ক্যারিয়ার পরবর্তী চাওয়া কে

পাওয়াতে রূপান্তর করেছে, শীর্ষস্থানীয় বেতন এবং ভালো আয় নিশ্চিত করেছে। এই গুলি মানদন্ডের বেশ কয়েকটি উদাহরণ যার দ্বারা সমাজের অনেকেই সফল ক্যারিয়ারকে বুঝায়। কিন্তু এইগুলি ডিগ্রী, পদমর্যাদা, আকাঙ্খিত ক্যারিয়ার এবং ভালো আয় শুধু "অর্জন" কে প্রকাশ করে। এখানে সমস্যা হলো "অর্জন" একা একা কখনও "সফল ক্যারিয়ার" হতে পারে না। ক্যারিয়ার সফল তখনই হয় যখন আপনার আর্থিক সক্ষমতা এবং কাজের উপভোগ্যতা একসাথে মিলিত হয় এবং আপনি উপলব্ধি করেন যে আপনি আপনার জীবন এবং আপনার কাজ ও কর্মজীবন নিয়ে তৃপ্ত।"

ক্যারিয়ার এক একজন মানুষের কাছে এক এক রকম। ক্যারিয়ার এর সংজ্ঞা অঞ্চল দেশ, শ্রেণী, জাতি, সমাজ এবং রুচি বা ব্যক্তিত্ব ভেদে আলাদা হতে পারে। তবে সমাজের সাথে ক্যারিয়ারের বিশেষ একটি সম্পর্ক রয়েছে। **ক্যারিয়ার ও সংস্কৃতি ওতপ্রোতভাবে জড়িত।**

সংস্কৃতি: সংস্কৃতি শব্দের প্রতিশব্দ হলো (Culture), যা ল্যাটিন শব্দ (Cultura) থেকে এসেছে। প্রকৃতি খাঁটি বাংলা অর্থ হলো কৃষ্টি। কৃষ্টি শব্দটি কর্ষণ বা চাষ করা অর্থে ব্যবহৃত হয়। তাই শাব্দিক অর্থে সংস্কৃতি হলো নিজস্ব চর্চা।

চর্চার মাধ্যমে প্রাপ্ত মানব গুন। অন্যভাবে বলা যায় কোন সমাজের সংস্কৃতি হলো ঐ সমাজের জীবনযাত্রা প্রণালি। মূলত এটি হলো সমাজিক দৃষ্টি। মোট কথা মানুষ তার অস্তিত্ব রক্ষার লক্ষ্যে যা কিছু সৃষ্টি করে তাই তার সংস্কৃতি। মানুষের আচার- আচরন, মূল্যবোধ, শিক্ষা বিচার- বুদ্ধি, রীতিনীতি, আচার- অনুষ্ঠান ইত্যাদির মিশ্রিত রূপেই হলো সংস্কৃতি।

সংস্কৃতির প্রকারভেদ: সংস্কৃতিকে দুই ভাগে ভাগ করা হয়ে থাকে। যেমন:- বস্তুগত সংস্কৃতি, ও অবস্তুগত সংস্কৃতি। ঘরবাড়ি, তৈজসপত্র, আসবাবপত্র, উৎপাদন হাতিয়ার এসব হচ্ছে বস্তুগত সংস্কৃতি। অবস্তুগত সংস্কৃতি হচ্ছে ব্যক্তির দক্ষতা, জ্ঞান, চিন্তা- ভাবনা, আচার- আচরন, ব্যবহার, বিশ্বাস, ধ্যান- ধারনা সংগীত, সাহিত্য ও শিল্পকলা ইত্যাদি

সংস্কৃতির বৈশিষ্ট্য: সংস্কৃতি কোনো সমাজের বাস্তব, পরিচিতি এবং তার সামগ্রিক রূপ। সমাজের কার্যকর নিয়ন্ত্রণ হিসেবে সংস্কৃতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তবে পৃথিবীর বিভিন্ন সমাজে বসবাসরত জনগোষ্ঠীর সংস্কৃতি বিভিন্ন রকম। তাদের সংস্কৃতির বৈশিষ্ট্য গুলোতে ভিন্নতা লক্ষ্য করা যায়।

পূর্বের পৃষ্ঠাগুলোতে আমি ক্যারিয়ার নিয়ে আলোচনা করেছি। এবার আমি আমার ক্যারিয়ার নিয়ে আলোচনা করব।

আমার ক্যারিয়ার: ক্যারিয়ার হচ্ছে আমার কাঙ্ক্ষিত কাজ ও কর্মজীবন যা আমাকে আর্থিকভাবে সক্ষমতা দিবে, আমার সকল প্রয়োজন মেটাবে। আমার জীবনের একটি বিশেষ অংশ যা আমার শিক্ষাগত যোগ্যতা ও জ্ঞান অর্জনের মাধ্যমে একটি ক্ষেত্র তৈরি করে, দক্ষ করে গড়ে তোলে এবং সেই দক্ষতার কারণে আমার শিক্ষা প্রতিষ্ঠানে এবং ইন্ডাস্ট্রিতে আমার পরিচয় তৈরি করে সেই সাথে সমাজে একটি সম্মানজনক অবস্থান তৈরি করে করে দিবে। আর আমি আমার ক্যারিয়ারে বা জীবনে চলার পথে নিজের উপর বিশ্বাস রাখি অন্য কারোর উপর নয়।

* ড. এ. পি. জে. আব্দুল কালামের একটি প্রবাদে কথিত আছে যে,

পাখি কখনো ডাল ছেড়ে
পড়ে যাওয়ার ভয় করে না
কারণ তার বিশ্বাস!
ডালের উপর নয়
ডানার উপর,
তাই জীবনে চলার পথে
নিজের উপর বিশ্বাস রাখো
অন্যের উপর নয়...

<u>উপসংহার:</u> মানুষ জীবিকা অর্জনের উপায় হিসেবে যে কাজ গ্রহণ করে তাকে জীবনোপায় বা ক্যারিয়ার বলে। আবার মানুষের আচার-আচরণ, মূল্যবোধ, শিক্ষা, বিচার-বুদ্ধি, রীতিনীতি, নৈতিকতা ইত্যাদির মিশ্রিত রূপই হলো সংস্কৃতি। আমাদের দৈনন্দিন জীবনে যেমন ক্যারিয়ারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে ঠিক তেমনি ভাবে আমাদের দৈনন্দিন জীবনে সংস্কৃতির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে কারণ একজন মানুষের জীবনে ক্যারিয়ার ও সংস্কৃতির গুরুত্ব থাকা প্রয়োজন।